# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪৬৪

১৬. জিহাদ অধ্যায় (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ৩৩. (সীমান্ত) প্রহরারত অবস্থায় মৃত্যুবরণ করার ফযীলত

بَاب فَضْلِ مَنْ مَاتَ مُرَابِطًا

## আরবী

أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ يَزِيدَ حَدَّثَنَا ابْنُ لَهِيعَةَ عَنْ مِشْرَحٍ قَالَ سَمِعْتُ عُقْبَةَ بْنَ عَامِرٍ يَقُولُ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ كُلُّ مَيِّتٍ يُخْتَمُ عَلَى عَمَلِهِ إِلَّا الْمُرَابِطَ فِي سَبِيلِ اللَّهِ فَإِنَّهُ يُجْرَى لَهُ عَمَلُهُ حَتَّى يُبْعَثَ

## বাংলা

২৪৬৪. উক্‌বা ইবনু আমির রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, আমি রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বলতে শুনেছি: “প্রত্যেক ব্যক্তির মৃত্যুর সঙ্গে সঙ্গে তার আমল শেষ হয়ে যায়, কেবল আল্লাহর রাস্তায় পাহারা দানকারী ব্যতীত। পুনুরুত্থান দিবস পর্যন্ত তার জন্য আমল চালু থাকে।”[1]

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ যয়ীফ, ইবনু লাহিয়া’হর দুর্বলতার কারণে এবং যদি এটি তার থেকে উবাইদুল্লাহর বর্ণনা হয়। ((এর সহীহ শাহিদ থাকায় হাদীসটি সহীহ-যা তাখরীজে উল্লেখ করা হয়েছে- আল্লাহই ভাল জানেন।–অনুবাদক))

তাখরীজ: আহমাদ ৪/১৫০; তাবারাণী, কাবীর ১৭/৩০৮ নং ৪৪৮; হাকিম ২/১৪৪।

আর এর শাহিদ হাদীস রয়েছে ফুযালাহ ইবনু উবাইদ থেকে ((আবূ দাউদ, জিহাদ নং ২৫০০- অনুবাদক)), আমরা যার পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৪৬২৪ ও মাওয়ারিদুয যামআন নং ১৬২৪ তে। ((এর অপর শাহিদ রয়েছে সালমান ফারসী হতে তিরমিযী, ফাযাইলুল জিহাদ নং ১৬৬৫ এবং তে বর্ণনা করেছেন যাতে রয়েছে: ‘কিয়ামত পর্যন্ত তার আমল বৃদ্ধি পেতে থাকে।” তিরমিযী একে হাসান গারীব এবং আলবানী একে সহীহ (আবূ দাউদ এর তাহক্বীক্বে ও সহীহুল জামি’ তে) বলেছেন।–অনুবাদক))

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ উকবাহ ইবনু আমির (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82747

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন